

নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৬.২০-১০১৭

তারিখ: ০১ আষাঢ়, ১৪২৯  
১৫ জুন, ২০২২

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৩১৮), ইসলাম টাওয়ার, ২য় তলা (পল্টন থানার বিপরীতে), ৬৫ নয়াপল্টন, পল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু জনাব মো: হাফিজুর রহমান, কৃষিবিদ টুরস এন্ড ট্রাভেলস নামে এজেন্সির বিরুদ্ধে নিম্নরূপ অভিযোগ করেছেন:

স্ট্রীসহ পবিত্র হজ পালনের জন্য সর্বমোট ১১,৮০,০০০/- (এগার লক্ষ আশি হাজার) টাকা প্রদান করেন। কিন্তু এজেন্সি হজে না নেয়ার ব্যাখ্যা দিতে ব্যর্থ হয়েছে। আগামী বছর তাদের বয়স ৬৫ এর উর্ধ্বে চলে যাবে। তাই এজেন্সির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান; এবং

০৪। যেহেতু কৃষিবিদ টুরস এন্ড ট্রাভেলস নামক এজেন্সির মালিক হজযাত্রীর নিকট হতে টাকা গ্রহণ করে আপনার এজেন্সিতে প্রাক-নিবন্ধন করেছেন এবং অভিযোগকারীকে হজে না নেয়ার বিষয়টি ব্যাখ্যা দিতে ব্যর্থ হয়েছে; এবং

০৫। যেহেতু আপনার এনুপ কার্যক্রম হজযাত্রীর সাথে প্রতারণার সামিল; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৩১৮) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৩১৮)

ইসলাম টাওয়ার, ২য় তলা (পল্টন থানার বিপরীতে)


৬৫ নয়াপল্টন, পল্টন, ঢাকা-১০০০

নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫৬.২০-১০১৭

তারিখ: ১৫.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. জনাব মো: হাফিজুর রহমান, ছ, ৬০/২ উত্তর বাড্ডা, ঢাকা-১২১২ (মোবাইল: ০১৭০৪৬৪৬২৮৬)।
৮. অফিস কপি।

  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব